

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৮৯৬

আগরতলা, ২১ নভেম্বর, ২০২৪

কৃষ্ণপুর জুমিয়া কলোনি অঙ্গনওয়াড়ি  
কেন্দ্রে নবজাতক সপ্তাহ উদযাপন



খোয়াই জেলার কৃষ্ণপুর আয়ুস্মান আরোগ্য মন্দিরের উদ্যোগে স্থানীয় জুমিয়া কলোনি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ১৯ নভেম্বর জাতীয় নবজাতক সপ্তাহ উদযাপন করা হয়। সেই সাথে এখানে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে স্বাস্থ্যকর্মীরা শিশুর জন্মের পর বিভিন্ন সংক্রমণের হাত থেকে রক্ষা করতে মায়ের বুকের প্রথম শাল দুধ পান করানো, ছয় মাস পর্যন্ত শিশুকে শুধুমাত্র মায়ের বুকের দুধ পান করানো এবং শিশুর জন্মকালীন ওপিভি ডোজ, বিসিজি টিকা, হেপাটাইটিস টিকা গ্রহণের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও পরিবারে বয়স্কদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করানো, অসংক্রামক রোগ নির্ণয় পদ্ধতি এবং টিনএজ বা কিশোরী স্বাস্থ্য কর্মীরা অবস্থায় গর্ভধারণের কুফল সম্পর্কে সবাইকে অবগত করা হয়। এদিনের এই অনুষ্ঠানে মোট ৩৯ জন এলাকাবাসী অংশগ্রহণ করেন। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমিউনিটি হেলথ অফিসার শুভম দেব, অঙ্গনওয়াড়ি কর্মী অর্চনা দাস, স্বাস্থ্য সখী রেবা চক্রবর্তী এবং আশাকর্মী রুবি ভদ্র। অনুষ্ঠানের শেষে উপস্থিত সকলের মধ্যে পুষ্টিকর খাবার প্রদান করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*